



# বিদ্যাসাগর দ্বিশতজন্মবার্ষিকী পালন Vidyasagar Birth Bicentenary



Jointly

Vidyasagar Birth Bicentenary – Nandan Kanan Celebration Committee

VIDYASAGAR SMRITIRAKSHA SAMITY (VSRS)

(Regd. Under Societies Registration Act 21, 1860, Regd. No. 237/2016-17)

'NANDAN KANAN', P.O. – KARMATANR VIDYASAGAR: JAMTARA: JHARHAND

All India Bengalee Association (AIBA)

Bengalee Association, Jharkhand & Bengalee Association, Bihar

Website: [vidyasagarkarmatanr.org](http://vidyasagarkarmatanr.org) : E-Mail: [vidyasagarsmritirakshasamity@gmail.com](mailto:vidyasagarsmritirakshasamity@gmail.com)



Chairman  
(VSRS)

Arun Kumar Bose

Chairman  
Reception Committee

K. C. SAHA  
I.A.S (Retd.)

Advisor  
Anup Mukherji  
I.A.S, (Retd.)  
SAIBAL GUPTA

Vice Chairman  
Bhabesh Chandra Deb  
Dr. (Capt.) Dilip  
Kumar Sinha  
Bidroha Mitra

Secretary (VSRS)  
Tapan Kumar Roy

Secretary  
(VBBNKCC)  
Joint Secretary (VSRS)  
Sunirmal Das  
9430294287

Joint Secretary  
Debasish Mishra  
Bidyut Pal  
Madan Ch. Sarkar  
Chandan Mukherjee  
Himanshu Shekhar  
Guha

Treasurer  
Sachchida Nanda  
Sinha  
9006765551

Tapan Sengupta  
Chairman, AIBA

Molay Roy  
Convenor, AIBA

## বিদ্যাসাগর দ্বিশতজন্মবার্ষিকী পালন

২৬শে সেপ্টেম্বর ২০২০ : 26th Sept. 2020

সুধী,

বিদ্যাসাগর দ্বিশতজন্মবার্ষিকী পালন উপলক্ষে নিম্নোক্ত বিষয়-প্রেক্ষিতে আমরা বিহার বাঙালি সমিতির ইউটিউব চ্যানেলে অনুষ্ঠান করতে আগ্রহী। আপনার সম্মতি সহ কি বিষয়ে বক্তব্য রাখবেন তা জানিয়ে বাধিত করতে অনুরোধ জানাই।

১৫-২০ মিনিটের ভিডিও বানিয়ে (২৫এমবী মধ্যে হলে ভাল হয় Camera in horizontal mode, Video in MP4 format and size within 25MB) পাঠাতে অনুরোধ জানাই।

আপনার বক্তব্য Abstract form or Full Paper/Version বাঙলা ইউনিকোড ফন্টে পাঠাতে অনুরোধ জানাই, তাহলে ইউটিউব চ্যানেলের বিবরণী (Description) (Abstract form) ও (Full Paper/Version) সঞ্চিতাবলগে (Sanchitablog) পোস্ট করতে পারব।

দ্বিতীয়তঃ ওয়েবিনার বা ফেসবুক লাইভ অনুষ্ঠানও করতে চাই। কি ভাবে এই অনুষ্ঠান করলে আপনার সুবিধা হবে, তা জানিয়ে বাধিত করতে অনুরোধ জানাই।

### বিষয়-প্রেক্ষিত

কলকাতার মানুষজন ও আত্মীয়স্বজনের ব্যবহারে মর্মান্বিত বিদ্যাসাগর, কর্মটাঁড়ে এসে আদিবাসী মানুষজনের ভালোবাসায় পুনরুজ্জীবিত হলেন এবং তারই সাথে শুরু হল নবজাগরণের নতুন পর্ব। এই নতুন পর্বের জোর ছিল গ্রামসমাজের প্রত্যন্ত মানুষজনের, তথাকথিত অস্পৃশ্য শূদ্রজনের, চাষীর ও শ্রমিকজনতার সেবায়, মনুষ্যত্বে তাদের অধিকারের জন্য লড়াইএ। এ পথে তাঁর পূর্বসূরী ছিলেন নমঃশূদ্র জাগরণের প্রবর্তক হরিচাঁদ ঠাকুর, সমসাময়িক ছিলেন নীলচাষীদের জন্য লড়িয়ে, হিন্দু প্যাট্রিয়টের সম্পাদক হরিশ মুখার্জি প্রভৃতি ...। বিদ্যাসাগরের পরে এলেন গ্রামবার্তা প্রকাশিকা'য় চাষীদের দুঃখদুর্দশার কথা প্রকাশ করা কাঙাল হরিনাথ, চা-বাগানের শ্রমিকদের কথা নিয়ে দ্বারকানাথ গাঙ্গুলি, শ্রমিকদের কথা নিয়ে 'ভারত-শ্রমজীবী' পত্রিকার প্রকাশক শশীপদ ব্যানার্জি। বিদ্যাসাগর আদিবাসীদের জন্য বিদ্যালয়, বালিকা বিদ্যালয়, রাত্রি-বিদ্যালয় শুরু করলেন, তাঁদের চাষবাস ভালো করার জন্য কলকাতা থেকে বীজ এনে বিলি করতেন, তাঁদের অসুখবিসুখে পৌঁছে যেতেন দূরদূরান্তের গ্রামে।

বিদ্যাসাগর জনসেবামূলক কাজগুলো প্রথম জীবন থেকেই করতেন। এখানে ফোকাসটা হল যে কর্মটাঁড়ের, আদিবাসী কৃষক ও গ্রামীণদের বিদ্যাসাগর, বাংলার নবজাগরণেরই বিদ্যাসাগর, তাঁর কাজ নবজাগরণেরই প্রসার। বস্তুতঃ এই প্রসারের ধারাবাহিকতায় আমরা বিশ শতকের ভারতের রাজনৈতিক সামাজিক

আন্দোলনের বিভিন্ন অভিমুখগুলো দেখতে পাই।

নবজাগরণী প্রতিভা বা রেনেশাঁ-ম্যান কখনই হতাশ একান্তবাসী কোনো ব্যক্তি হতে পারেন না। বিদ্যাসাগরও হননি।

আশাকরি আপনার সহযোগিতা পাব।

বিনীত

(সুনির্মল দাশ)

সম্পাদক, বিদ্যাসাগর দ্বিশতজন্মবার্ষিকী - নন্দন কানন উদ্যাপন কমিটি

সমন্বয়সাধক, 'আইবা'

সাধারণ সম্পাদক, বিহার বাঙালি সমিতি

9430294287

নোট: বঙ্গা আজকের দিনে গণশিক্ষা, মাতৃভাষা, গণস্বাস্থ্য, নারী ক্ষমতায়ন, প্রান্তিক জনসমূদায়ের উন্নয়ন ইত্যাদির সমস্যাগুলো মূল বক্তব্যের সাথে যোগ করতে পারেন।

**YouTube Channel: Bengalee Association Bihar**

<https://www.youtube.com/channel/UCFsdv-WSKmaS1PvXz1TZDZQ>

**Sanchitablog:** <https://sanchita2020.blogspot.com>

**Media Partner**



**BENGALEE  
ASSOCIATION  
BIHAR**

**সুখবর**

বাংলা দৈনিক, কলকাতা

**Behar Herald**